

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৫৭

১/ বিবিধ

আরবী

إن الله عز وجل قد رفع لي الدنيا، فأنا أنظر إليها وإلى ما هو كائن فيها إلى يوم  
القيامة كأنما أنظر إلى كفي هذه، جليانا من أمر الله عز وجل جلاه لنبيه كما جلاه  
للنبيين قبله  
ضعيف جدا

رواه أبو نعيم في " الحلية " ( 6 / 101 ) من طريق الطبراني: حدثنا بكر بن سهل: حدثنا  
نعيم بن حماد: حدثنا بقية عن سعيد بن سنان: حدثنا أبو الزاهرية عن كثير بن مرة  
عن ابن عمر مرفوعا  
قلت: وهذا إسناد واه فيه أربع علل  
سعيد بن سنان متروك، ورماه الدارقطني وغيره بالوضع  
وبقية مدلس وقد عنعنه  
ونعيم بن حماد ضعيف  
وبكر بن سهل ضعيف أيضا. والحديث أورده الهيثمي في " المجمع " ( 8 / 287 )  
وقال: " رواه  
الطبراني، ورجاله وثقوا على ضعف كثير في سعيد بن سنان الرهاوي

বাংলা

৯৫৭। দুনিয়াকে আল্লাহ তা'আলা আমার জন্য উঁচু করে রেখেছেন। আমি তার দিকে এবং কিয়ামত দিবস পর্যন্ত

তাতে যা কিছু ঘটবে সে দিকে দৃষ্টি দিব যেমনভাবে আমি দু' হাতের এই তালুর দিকে দৃষ্টি দিচ্ছি। আল্লাহর নির্দেশে তাঁর নবীর জন্য তা প্রকাশ করে দেয়া হয়েছে যেমনিভাবে তিনি তাঁর পূর্ববর্তী নবীদেরকে প্রকাশ করে দিয়েছিলেন।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৬/১০১) গ্রন্থে তাবারানী সূত্রে বাকর ইবনু সাহাল হতে তিনি নোয়াইম ইবনু হাম্মাদ হতে তিনি বাকিয়াহ হতে তিনি সাঈদ ইবনু সিনান হতে তিনি আবুয যাহেরিয়াহ হতে তিনি কাছীর ইবনু মুররাহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। তাতে চারটি সমস্যা রয়েছে

১। সাঈদ ইবনু সিনান মাতরুক। দারাকুতনী ও অন্য দিদ্ধানরা তাকে জাল করার দোষে দোষী করেছেন।

২। বাকিয়াহ মুদল্লিস। তিনি আন আন করে বর্ণনা করেছেন।

৩। নোয়াইম ইবনু হাম্মাদ দুর্বল।

৪। বাকর ইবনু সাহালও দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71836>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন